# অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের তৃতীয় ফান্ড রেইজিং ডিনার সম্পন্ন



***আতিকুর রহমান ॥*** অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের উদ্যোগে গত ২৩ জুলাই ২০১১ অত্যন্ত সফলভাবে তৃতীয় ফান্ড রেইজিং ডিনার পার্টি সম্পন্ন হয়েছে। গত বৎসর মে মাসে মিন্টু এবং ইঙ্গেলবার্ন এর কর্নারে মসজিদ, কমিউনিটি হল, খেলাধূলার ব্যবস্থাসহ ইসলামিক সেন্টার কমপ্লেক্স প্রতিষ্ঠার জন্য ৫ একর বিশিষ্ট জমি A\$৭,৭০,০০০ মূল্যে ক্রয় করে সংগঠনের নামে রেজিষ্ট্রী হয়েছিল। এর মধ্যে A\$৬,২০,০০০ ডলার ডোনেশন কালেকশন এবং বাকী A\$১,৫০,০০০ কমিউনিটির সদস্যদের নিকট কর্জ করে জমির মূল্য পরিশোধ করা হয়েছিল। কর্জের A\$৫০,০০০ ইতিমধ্যেই পরিশোধ করা হয়েছে। বাকী অর্থ জরুরী ভিত্তিতে পরিশোধ এবং প্রস্তাবিত সেন্টারের কিছু সংস্কারের কাজ সমাধানের জন্য এই ফান্ড রেইজিং ডিনারের ব্যবস্থা করা হয়েছিল। প্রস্তাবিত মসজিদসহ কমিউনিটি হল, স্পোর্টস সেন্টার, জিমনেসিয়ামসহ একটি ইসলামিক সেন্টার কমপ্লেক্স প্রতিষ্ঠার জন্য এ বিশাল আকৃতির জমি ক্রয় করা হয়। মিন্টু সপিং সেন্টারের সন্নিকটে Sarah Redfern High School Hall এ সন্ধ্যায় ডিনার পার্টি অনুষ্ঠিত হয়। শুরুতে শুভেচ্ছা বক্তব্য রাখেন সংগঠনের সহ সভাপতি ও ডিনার পার্টির কোঅর্ডিনেটর মোহাম্মদ আলাউদ্দিন। তিনি বক্তব্যে ডিনার পার্টিতে আগত সকলকে অতিথিদের এ প্রকল্পে আর্থিক সহ বিভিন্ন সহযোগিতা কামনা করেন। প্রজেক্টের মাধ্যমে প্রস্তাবিত ইসলামিক সেন্টার প্রকল্পের অতীত ও বর্তমান চিত্র অতিথিদের উপস্থাপন করেন সাধারণ সম্পাদক ড.আনিছুল আফছার। অনুষ্ঠানের মূল আর্কষন প্রধান বক্তা ইসলামিক চিন্তাবিদ ও আলেম Sheikh Shady Alsleiman ইসলামিক দৃষ্টিকোন থেকে ডোনেশনের গুরুত্ব অত্যন্ত সুন্দরভাবে ব্যাখ্যা করেন।



বক্তব্যের পর ফান্ড রাইজিং পর্ব শুরু হয়। এ পর্ব পরিচালনা করেন মিন্টু মসজিদের অন্যতম প্রতিষ্ঠাতা ও প্রাক্তন ইমাম শেখ রেদোয়ান। শেখ রেদোয়ান নতুন প্রকল্পের জন্য আর্থিক সহযোগিতা কামনা করেন। আগত অতিথিদের কাছ থেকে Donation Commitment এর পরিমান ছিল প্রথম ও দ্বিতীয় ডিনারের মতই সন্তোষজনক। আকর্ষনীয় ইসলামিক দেয়াল চিত্র, ইসলামিক বই, ঘড়িসহ বিভিন্ন সামগ্রীর সমন্বয়ে Auction এর পর্বটি পরিচালনা করেন অভিজ্ঞ Auctioner Mr. Mahmud। অকশনের পর পরই বাংলাদেশের সুস্বাদু খাবার পরিবেশন করা হয়। ফান্ড রাইজিং ডিনার পার্টির্র সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন Dr. AbulKhair Jalaluddin. ছয় শতাধিক ধারন বিশিষ্ট হল ছিল কানায় কানায় পরিপূর্ণ। অত্যন্ত সফল ফান্ড রেইজিং ডিনার পার্টি থেকে Donation ও Auction, টিকেট থেকে সর্বমোট সংগৃহের পরিমান প্রায় ৬৫,০০০ ডলারের মত। সবশেষে সংগঠনের সভাপতি জনাব মোফাজ্জল ভূইঁয়া আগত সকলকে ধন্যবাদ জানিয়ে মোনাজাতের মাধ্যমে ফান্ড রাইজিং ডিনার অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করেন। ফান্ড রেইজিং ডিনারের সম্পূর্ন খাবার স্পোন্সর করেছেন ব্যবসা প্রতিষ্ঠান Bridge 1 Pty Ltd & Need Australia Pty Ltd. নতুন প্রজন্মদের জন্য একটি মসজিদ ভিত্তিক ইসলামিক সেন্টার কমপ্লেক্র তৈরীর জন্য কমিউনিটির বিভিন্ন স্তর থেকে আন্তরিক সহযোগিতা ও সাহায্য কামনা করেছেন সংগঠনের কর্মকর্তারা।